

# করোনাভাইরাস: সদ্যজাত বাচ্চাদের ক্ষেত্রে বাবা-মায়ের জন্য তথ্য

ঝুঁকি খুব কম হলেও, আপনার বাচ্চা করোনাভাইরাসে আক্রান্ত হতে পারে ভেবে আপনার চিন্তা হতে পারে। কী কী বিষয়ের দিকে নজর রাখতে হবে তা এই পুস্তিকা থেকে জানতে পারবেন। কোনোরকম উদ্বেগ দেখা দিলে সাহায্য চাইতে দেরি করবেন না।

## আমার বাচ্চার করোনাভাইরাস হয়েছে কিনা কী করে বুঝব?

ভাইরাস থাকা সত্ত্বেও অনেক বাচ্চার অসুস্থতার কোনো লক্ষণ দেখা যায় না এবং তারা সম্পূর্ণ সুস্থ হয়ে ওঠে। কিছু কিছু বাচ্চার তাপমাত্রা ওঠানামা করতে পারে এবং/অথবা কাশি হতে পারে। সংক্রমণ থাকা বাচ্চাদের সবসময় জ্বর হয় না।

- আপনার বাচ্চার যদি কাশি, জ্বর থাকে বা অস্বাভাবিক ভাবে গরম লাগে বা শীত করে, কিন্তু তাছাড়া সুস্থ থাকে, তাহলে NHS 111-এ ফোন করুন।
- আপনার বাচ্চা যদি পাণ্ডুবর্ণ হয়ে যায় বা ঠিক করে না খায় তাহলে আপনার ধাত্রী দলকে ফোন করুন।
- আপনার বাচ্চার যদি নিশ্বাস, রঙ বা নড়াচড়া সংক্রান্ত এমন কোনো লক্ষণ দেখা দেয় যা আপনাকে উদ্ভিন্ন করে, তাহলে অবিলম্বে 999-এ ফোন করুন।

(‘সদ্যজাত বাচ্চার অসুস্থতা’ পুস্তিকাতে আরো দেখুন)



## আমার বাচ্চার কি কোনো ঝুঁকি আছে?

জন্মের পরে বাচ্চাদের এই ভাইরাসে সংক্রামিত যে কোনো ব্যক্তির থেকে করোনাভাইরাস পাওয়ার সম্ভাবনা আছে, এমনকি সেই ব্যক্তি যদি অসুস্থ বোধ নাও করেন। পরামর্শ এই যে আপনার ক্ষেত্রে বাচ্চাকে যত তাড়াতাড়ি বাড়ি নিয়ে যাওয়া নিরাপদ, তত তাড়াতাড়ি নিয়ে যান এবং নিজেকে আলাদা রাখার ও সামাজিক দূরত্ব বজায় রাখার সরকারের নির্দেশিকা মেনে চলুন।

বিশেষ করে আপনার বাচ্চাকে সেইসব ব্যক্তিদের থেকে দূরে রাখতে হবে যাদের কাশি, জ্বর বা নাক থেকে জল পড়া, বমি বা ডায়রিয়া জাতীয় ভাইরাল উপসর্গ আছে।

## কীভাবে সাহায্য করবেন

আপনার বাচ্চার করোনাভাইরাস সংক্রমণের ঝুঁকি কমান এভাবে:

- ব্রেস্ট পাম্প বা বোতল ও বাচ্চাকে ধরার আগে হাত ধুয়ে
- ন্যাপি পালটানো ও পরিবারের অন্য সদস্যদের সংস্পর্শে আসার পরে হাত ধুয়ে
- খাওয়ানোর সময় বাচ্চার ওপরে না কেশে বা না হেঁচে
- প্রতিবার ব্যবহারের পরে পাম্প পরিষ্কার করার পরামর্শ অনুসরণ করে
- আপনি যদি অসুস্থ বোধ করেন তাহলে অন্য কোনো সুস্থ ব্যক্তিকে বলুন আপনার বাচ্চাকে এক্সপ্রেসড দুধ খাওয়াতে
- যদি বোতল ব্যবহার করেন তাহলে স্টেরিলাইজেশন নির্দেশিকা সম্পূর্ণ অনুসরণ করুন



আরো তথ্যের জন্য পাতা উল্টান

# করোনাভাইরাস: সদ্যজাত বাচ্চাদের ক্ষেত্রে বাবা-মায়ের জন্য তথ্য

ধাত্রীর সঙ্গে যোগাযোগের বিবরণ

নিচে আপনার ধাত্রীর সঙ্গে যোগাযোগের বিবরণ লিখুন:



আপনার বাচ্চা যদি সময়ের আগে জন্মানো বা অসুস্থ থাকার কারণে নিওন্যাটাল ইউনিট বা ট্রানজিশনাল কেয়ার ওয়ার্ডে থেকে থাকে, তাহলে অনুগ্রহ করে ব্লিস ওয়েবসাইটেও যান:

[www.bliss.org.uk](http://www.bliss.org.uk)

সদ্যজাতদের জন্ডিস, খাওয়ানোর সমস্যা ও নবজাতকের অন্যান্য অসুস্থের লক্ষণ সম্বন্ধে সাধারণ তথ্যের জন্য আরো তথ্য পাওয়া যাবে [www.nhs.uk](http://www.nhs.uk)-তে গিয়ে 'বাচ্চার অসুস্থতা' ও 'সদ্যজাতের জন্ডিস' খুঁজলে।

জরুরি নয় এরকম উদ্বেগের ক্ষেত্রে আপনি যদি আপনার ধাত্রীর সঙ্গে যোগাযোগ করতে না পারেন, তাহলে **NHS 111** নম্বরেও ফোন করতে পারেন।

আরো তথ্যের জন্য অনুগ্রহ করে

[www.nhs.uk/coronavirus](http://www.nhs.uk/coronavirus)-তে যান